

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৮১-আইন/আয়কর/২০১৯ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, উক্ত Ordinance এর section 2 এর clause (20) এ সংজ্ঞায়িত কোনো কোম্পানি কর্তৃক পণ্য বা সেবা উৎপাদনের মাধ্যমে উচ্চত সকল আয়ের উপর বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪ৰ্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

### শর্তাবলি

- (ক) উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে অবস্থিত সংশ্লিষ্ট কোম্পানির কোনো শিল্প ইউনিটকে উক্ত অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর (relocation) করা যাইবে না;
- (খ) বাংলাদেশে ইতৎপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলে কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;
- (গ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের জন্য পৃথক পৃথক বাণিজ্যিক হিসাব এবং ব্যাংক হিসাব সংরক্ষণ করিতে হইবে;

( ১৩৭১৫ )

মূল্য : টাকা ৪.০০

- (ঘ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের মধ্যে কোনো আস্তঃইউনিট লেনদেন সংঘটিত হইলে উক্তরূপ সকল লেনদেনের বিস্তারিত তথ্য উক্ত কোম্পানির আয়কর রিটার্নের সহিত সংশ্লিষ্ট উপ কর কর্মশালার এর নিকট দাখিল করিতে হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট কোম্পানিকে উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই বিভাগের ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৮ জুলাই, ২০১৫ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২৬-আইন/আয়কর/২০১৫ এতদ্বারা রাহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি  
সিনিয়র সচিব।